

M.A.S.T.

(Mobilized Assistance Supporting Translation)

সহজলভ্য অনুবাদের সহায়তা সহায়ক

১। ধারণ করাঃ (এই পদক্ষেপটি নিজেই সম্পন্ন করুন) সম্পূর্ণ অধ্যায়টি পাঠ করুন। অধ্যায়টির অর্থ এবং মূল বিষয়বস্তু বোঝার চেষ্টা করুন। (এই পদক্ষেপটি সাধারণত ৭-১০ মিনিট সময় নেয়। যদি অধ্যায়টি দীর্ঘ হয় এবং অনুবাদকের আরো সময় প্রয়োজন হয়, এতে কোন সমস্যা নেই, তবে এই পরিস্থিতিতে, ১০ মিনিটের সময়কাল শেষে থেমে, যা পড়া হয়েছে তা প্রতিফলিত করে, এবং তারপরে বাকী পড়া চালিয়ে যাওয়া অনুবাদকের জন্য শ্রেয়)।

২। মৌখিক ভাষায় প্রকাশ করুন: (একজন সহকর্মীর সাথে এই পদক্ষেপটি সম্পন্ন করুন। যদি কোন সহকর্মী পাওয়া না যায়, তবে অনুবাদকনিজে নিজেই উচ্চস্বরে শব্দটি উচ্চারণ করতে পারেন) আপনার মাতৃভাষায় এই অধ্যায়টির সম্বন্ধে তাড়াতাড়ি মৌখিকভাবে প্রকাশ করুন। এই পদক্ষেপটি কোন আলোচনা বা বিশ্লেষণ নয়, তবে মূল ব্যক্তি, ঘটনা এবং ধারণার সারসংক্ষেপ। আপনি নিম্নলিখিত এক বা একাধিক প্রশ্নকে, মৌখিকভাবে প্রকাশের জন্য নির্দেশনা গ্রহণ করতে পারেন। মূল ধারণাগুলো কি কি? পাঠ্যাংশে কোন কোন ঘটনা উল্লেখ আছে? এই ঘটনাগুলিতে কি ঘটেছিল? পাঠ্যাংশের লোকেরা কারা এবং তারা কি করে ছিল? এই পদক্ষেপে কি গুরুত্বপূর্ণ তা বুঝতে এবং এটি মনে রাখার ক্ষেত্রে আপনাকে সহায়তা করার জন্য, পাঠ্যাংশটি উচ্চস্বরে উচ্চারণ করা গুরুত্বপূর্ণ। (সাধারণতঃ এই পদক্ষেপে প্রায় ২-৩ মিনিট সময় লাগে।)

৩। ছোট ছোট অংশে ভাগ করাঃ (নিজেই এই পদক্ষেপটি সম্পন্ন করুন) শাস্ত্রের অধ্যায়গুলিকে ছোট ছোট অংশে ভাগ করুন, এই প্রক্রিয়াকে বলে বিভক্ত বা ভাগ করা। এই ছোট অংশগুলি যেন পরিপূর্ণ চিন্তা/ধারণা প্রকাশ করে, যা আপনি সহজেই মনে রাখতে ও দ্রুত পুনরায় লিখতে পারেন। সাধারণত একটি ছোট অংশে ১-৪টি পদ থাকতে পারে, তবে প্রতিটি ছোট অংশে, অনুবাদকের চেষ্টা করা উচিত একটি শাস্ত্রাংশের বেশীরভাগ অংশ অন্তর্ভুক্ত করা, যেন তা সহজেই মনে রাখতে ও স্মরণ করতে পারেন। যে উৎস থেকে আপনি শাস্ত্রাংশটি পৃথক করার জন্য বেঁছে নিয়েছেন তা দেখানোর জন্য শাস্ত্রাংশটির নীচে রেখা টেনে চিহ্নিত করুন।

৪। অঙ্ক খসড়াঃ (নিজেই এই পদক্ষেপটি সম্পন্ন করুন) আপনার শাস্ত্রাংশের প্রথম অংশটি পাঠ করুন, তারপর তা আপনার সামনে থেকে সরিয়ে ফেলুন। শাস্ত্রাংশের উৎসটি না দেখেই, ছোট অংশটি আপনি নিজের মাতৃভাষায় লিখুন। সাধারণ ভাষায় শাস্ত্রাংশটির অর্থ প্রকাশ করুন, প্রথম শাস্ত্রাংশের পরে, একটির পর আরেকটি শাস্ত্রাংশ একই পদ্ধতি অনুসরণ করে, এগিয়ে যান, যতক্ষণ পর্যন্ত পুরো অধ্যায়টিতে যতোগুলি

শাস্ত্রাংশ আছে তা আপনার মাতৃভাষায় লেখা শেষ না হয় । আপনার লেখা যেন সংশোধন করা যায়, এই জন্য আপনার লেখার মাঝে যেন জায়গা থাকে, সেটি নিশ্চিত করুন । আপনার অঙ্ক খসড়াটি যে নিখুঁত হবে, এমনটি আশা করবেন না, পরবর্তী ধাপগুলোতে এটি সংশোধন/ পরিমার্জন করা হবে ।

৫। স্ব/ নিজ সম্পাদনাঃ (নিজেই এই পদক্ষেপটি সম্পন্ন করুন) । শাস্ত্রাংশের উৎসটি আবার দেখুন এবং আপনি যা লিখেছেন তার সাথে এটির তুলনা করুন । এই বিষয়গুলির জন্য আপনার খসড়াটি পরীক্ষা করুন যেমন সম্পূর্ণতা, স্পষ্টতা, অভ্রান্ততা, স্নিগ্ধতা এবং মূলশব্দ । আপনার খসড়ায় কোন ভুল ধরা পরলে তা সংশোধন করুন । যদি আপনার অনুবাদের কোন অংশ সম্পর্কে আপনি নিশ্চিত না হন, তাহলে তার একটি নোট/মন্তব্য লিখে রাখেন ।

লক্ষ্য করুন যদি মূলশব্দের নোট, অনুবাদের নোট, অথবা অন্যান্য উৎসগুলি আপনাকে নির্ধারণ করতে সাহায্য করে যে, সেই কঠিন শাস্ত্রাংশটি সম্পাদনা করা দরকার কিনা ।

৬। সমকক্ষ ব্যক্তির সাথে সম্পাদনাঃ আপনার খসড়াটি দলের অন্য সদস্যকে দিন । এই সদস্য আপনার খসড়াটি পাঠ করবে, এ সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করবে, মূলশাস্ত্রাংশের সাথে এটি তুলনা করবে, এবং সম্পাদনা ও কিভাবে এটির উন্নয়ন করা যায় সেই ব্যাপারে পরামর্শ দান করবে । তারা শব্দের পর শব্দের অনুবাদ পরীক্ষা করছে না, কিন্তু নিশ্চিত করছে যে, বাইবেলের লেখক যে অর্থটি লিখেছেন তা যেন নিশ্চিত হয় বা প্রকাশ পায়। পরীক্ষক নিম্নলিখিত বিষয়গুলি দেখতে চাইতে পারেন: অনুবাদ থেকে কিছু কি বাদ পরেছে? অনুবাদ কি স্বাভাবিক এবং মসূন? এটি কি পরিস্কার এবং বোধগম্য? এটি কি নির্ভুল? মূল শাস্ত্রাংশে যাকিছু বলা হয়েছে, অনুবাদে তা কি প্রকাশ পেয়েছে? অনুবাদের এমন কোন অংশ আছে যা, ঠিক ভাবে অনুবাদ করা হয়নি? একাধিক মূলশব্দের ব্যবহারের উদাহরণে কি ধারাবাহিকতা রয়েছে? যদি প্রয়োজন হয়, পরীক্ষক উৎসগুলি উল্লেখ করে সম্ভাব্য পরিবর্তনের জন্য বিবেচনা করতে বলতে পারেন ।

৭। মূল শব্দ যাচাইঃ (একজন সদস্যের সাথে এই পদক্ষেপটি সম্পন্ন করুন)।

পদক্ষেপ ১ : মূল শব্দগুলিকে অনুবাদশালায় চিহ্নিত করুন, এইগুলিই সেই মূলশব্দ যা আপনাকে এই ধাপে চিহ্নিত ও পরীক্ষা করতে হবে । অনুবাদশালায় ব্যবহৃত মূলশব্দ ছাড়াও, আপনি, আপনার সঙ্গী, বা আপনার ভাষাভাষীর জনগোষ্ঠীর লোক আরো অতিরিক্ত মূলশব্দ যোগ করতে পারেন, যা আপনি পরবর্তীতে দেখার জন্য লিখে রাখতে পারেন ।

পদক্ষেপ ২ : আপনি ও আপনার অনুবাদসঙ্গী অনুবাদের উৎস শাস্ত্রাংশটির সাথে অনুবাদের তুলনা করবেন, এবং পরীক্ষা করুন যে আপনার অনুবাদশালা অথবা শাস্ত্রাংশের উৎসে সমস্ত মূলশব্দ এবং গুরুত্বপূর্ণ ধারণাগুলো উপস্থিত আছে । যদি কোন মূলশব্দ, গুরুত্বপূর্ণ ধারণা বা আপনার অনুবাদ থেকে বাদ পরে, শাস্ত্রাংশটি পুনরায়

সম্পাদন করুন, এবং মূলশব্দ ও ধারণাগুলি অনুবাদের মধ্যেযুক্ত হয়েছে তা নিশ্চিত করুন। যদি কয়েকটি মূলশব্দ ও কোন মূলধারণা বাদ পরে তাহলে, অনুবাদককে অবশ্যই ৫ ধাপে (স্ব/নিজ সম্পাদনায়) ফিরে যেতে হবে, এবং ৮ম ধাপে যাবার আগে ৫ম, ৬ষ্ঠ ও ৭ম ধাপ আবার করতে হবে।

পদক্ষেপ ৩ঃ যখন সমস্ত মূলশব্দসমূহ ও ধারণাগুলি আপনার অনুবাদে উপস্থিত, প্রতিটি মূলশব্দটি পরীক্ষা করতে আপনার সঙ্গীর সাথে কাজ করুন, জিজ্ঞাসা করুন, “শাস্ত্রাংশের উৎসে, মূল শব্দটির সংজ্ঞা কি?” অনুবাদে কি মূলশব্দটির অর্থ যথাযথভাবে উপস্থাপন করা হয়েছে?

(বিঃদ্রঃ একটি মূলশব্দ বা গুরুত্বপূর্ণ ধারণা, এটি যে কোন শব্দ বা ধারণা যা শাস্ত্রাংশটির অর্থ ও ধর্মতত্ত্ব প্রকাশের জন্য খুবই গুরুত্বপূর্ণ। উদাহরণ স্বরূপ- পবিত্র আত্মা, গৌরব, বা শুচিকরণ)।

৮। একটির পর একটি পদ অসুসারে পরীক্ষা করুনঃ (এই পদক্ষেপের জন্য মোট ৩জন লোক প্রয়োজন, অনুবাদক এবং দুইজন সহকারী। একজন সঙ্গী যিনি উৎস ভাষা (মূলভাষা) থেকে মাতৃভাষায় অনুবাদ করতে সক্ষম এবং ২য়জন উৎস ভাষায় যথাযথ ভাবে পারদর্শী হবেন।) অনুবাদক তার মাতৃভাষায় শাস্ত্রাংশের পর শাস্ত্রাংশ জোড়ে পাঠ করবেন। কোন উৎসের সাহায্য ছাড়াই একজন সঙ্গী মাতৃভাষায় অনুবাদ শুনবেন এবং মৌখিকভাবে শাস্ত্রাংশের পর শাস্ত্রাংশ মাতৃভাষা থেকে মূলভাষায় (উৎসভাষা) একের পর এক অনুবাদ করবেন। ২য় সঙ্গী ১ম সঙ্গীর মৌখিক অনুবাদ শুনবেন এবং তা উৎস বা (মূল ভাষার) সাথে তুলনা করবেন। ২জন সঙ্গী যেখানে যেসম্পাদন করা দরকার তার যথাযথ পরামর্শ দিবেন। উৎস শাস্ত্রাংশ ও পুনরায় অনুবাদের মধ্যে শব্দ চয়ন বা শব্দ বিন্যাস কখনোই একই প্রকার হবে না, কিন্তু এটি গুরুত্বপূর্ণ যে, (১) অনুবাদের অর্থ ও উৎস শাস্ত্রাংশের অর্থ একই রকম, এবং (২) সমস্ত ঘটনা, এবং গুরুত্বপূর্ণ বিবরণগুলো যা উৎস বা মূল শাস্ত্রাংশে পাওয়া যায় তা অনুবাদেও উপস্থিত। যদি অর্থ এক না হয়, অথবা সমস্ত ঘটনা ও গুরুত্বপূর্ণ বিস্তারিত বিবরণ উপস্থিত না থাকে, তবে অবশ্যই আবার সম্পাদনের কাজ করতে হবে। দলের মনে রাখতে হবে, এই ধাপে ব্যবহারের উপকরণ ও অনুবাদের সাহায্যও সহজলভ্য।